



রাজধানীতে ‘এনসিপির যাত্রা’ বইয়ের মোড়ক উন্মোচন



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)কে ঘিরে রচিত প্রথম গ্রন্থ ‘এনসিপির যাত্রা’ এর মোড়ক উন্মোচন করা হয়েছে। শুক্রবার (৬ মার্চ) বিকেলে রাজধানীর বাংলামোটরে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বইটির আনুষ্ঠানিক উন্মোচন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনসিপির আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এবং সদস্য সচিব আখতার হোসেন। এছাড়া বইটির লেখক ও এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক মো. মাহাবুব আলম, প্রকাশনা প্রতিষ্ঠান ‘আদর্শ’র স্বত্বাধিকারী মাহবুব রহমান, দলের যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, মুজাহিদুল ইসলাম শাহিন এবং এনসিপি ডায়ালগার এলায়েন্সের আহ্বায়ক সাইফ ইবনে সারওয়ারসহ দলের আরও নেতাকর্মীরা অনুষ্ঠানে অংশ নেন।

অনুষ্ঠানে বক্তারা দলটির রাজনৈতিক পথচলা ও ভবিষ্যৎ পরিকল্পনার নানা দিক তুলে ধরেন এবং বইটি এনসিপির গঠন, আন্দোলন ও সাংগঠনিক কার্যক্রম সম্পর্কে গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হবে বলে মতামত দেন।